



বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক
মেইন ব্রাঞ্চ, ঢাকা।

অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক।

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসিক ব্যাংক লিমিটেড, মেইন ব্রাঞ্চ, ঢাকা এর খেলাপী ঋণ গ্রহীতা (১) “মেসার্স আরাফ ইমপেক্স ইন্টারন্যাশনাল” স্বত্বাধিকারী-রোসানা সুলতানা খুকু, স্বামী-মোঃ ইকবাল হোসেন, মাতা-রাহানা খাতুন, ব্যবসায়িক ঠিকানা-২৪২/২, দক্ষিণ যাত্রাবাড়ী, থানা-যাত্রাবাড়ী, জেলা-ঢাকা-১২০৪। (২) রোসানা সুলতানা খুকু, স্বত্বাধিকারী-“মেসার্স আরাফ ইমপেক্স ইন্টারন্যাশনাল” স্বামী-মোঃ ইকবাল হোসেন, মাতা-রাহানা খাতুন, ব্যবসায়িক ঠিকানা-২৪২/২, দক্ষিণ যাত্রাবাড়ী, থানা-যাত্রাবাড়ী, জেলা-ঢাকা-১২০৪। বর্তমান ঠিকানা-৯৮৫, ৩/বি, মালিবাগ চৌধুরীপাড়া, থানা-খিলগাঁও, জেলা-ঢাকা-১২১৯। স্থায়ী ঠিকানা-হোল্ডিং নং-১০, গ্রাম-শূণ্যা টেংরা, ডাকঘর-ডেমরা-১৩৬০, থানা-ডেমরা, জেলা-ঢাকা। (৩) মোঃ ইকবাল হোসেন, ব্যক্তিগত জামিনদার-“মেসার্স আরাফ ইমপেক্স ইন্টারন্যাশনাল” পিতা-মোঃ নুরুল ইসলাম, মাতা-মোসাঃ বাছিরুন ইসলাম, বর্তমান ঠিকানা-হোল্ডিং নং-১০, গ্রাম-শূণ্যা টেংরা, ডাকঘর-ডেমরা-১৩৬০, থানা-ডেমরা, জেলা-ঢাকা। বেসিক ব্যাংক লিমিটেড, মেইন ব্রাঞ্চ, ঢাকা এর নিকট হইতে এলসি লিমিট (পিএডি সহ) এবং এলটিআর লিমিট ঋণ সুবিধা গ্রহণ করিয়াছেন। উক্ত ঋণের বিপরীতে বন্ধকদাতা হিসাবে তাহার মালিকানাধীন নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন। বারংবার তলব তাগাদা সত্ত্বেও ঋণ গ্রহিতার নিকট ব্যাংকের পাওনা আদায় করা সম্ভব হয় নাই। বর্তমান হিসাব মতে (৩০-০৬-২০২৫ ইং তারিখ পর্যন্ত) ঋণ গ্রহিতার নিকট ব্যাংকের সুদ-আসল ও অন্যান্য খরচসহ ৯৩,৮৪,৭৬০.১৭ (তিরানবই লক্ষ চুরাশি হাজার সাতশত ষাট টাকা সতেরো পঁয়সা) টাকা পাওনা রহিয়াছে। অর্থক্ষণ আদালত আইন-২০০৩ এর বিধান মোতাবেক উক্ত টাকা আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরপত্রের মাধ্যমে নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য আগামী ২৭-১০-২০২৫ ইং তারিখ বেলা ২.০০ ঘটিকায় নিলামের জন্য ধার্য করা হইয়াছে। আগ্রহী নিলাম ক্রেতাদেরকে উল্লিখিত তারিখ ও সময় বেসিক ব্যাংক লিমিটেড, মেইন ব্রাঞ্চ, ঢাকাতে লিখিত দরপত্রের মাধ্যমে সরাসরি/ডাকযোগে নিলামে অংশ গ্রহণ করার জন্য আহবান করা হইতেছে।

-শর্তসমূহ-

- ০১) প্রত্যেক দরপত্র অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে “সম্পত্তি ক্রয়ের দরপত্র” লিখিয়া দাখিল করিতে হইবে।
- ০২) আগ্রহী প্রত্যেক দরপত্রদাতাকে দাখিলকৃত দরপত্রের সাথে জামানত স্বরূপ নিম্নোক্ত হারে বেসিক ব্যাংক লিমিটেড, মেইন ব্রাঞ্চ, ঢাকা’র অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে : (ক) উদ্ধৃত দর অনুর্দ্ধ ১০.০০ লক্ষ টাকার ক্ষেত্রে উদ্ধৃত দরের- ২০% ; (খ) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকার অধিক এবং অনুর্দ্ধ ৫০.০০ লক্ষ টাকার ক্ষেত্রে উদ্ধৃত দরের- ১৫% ; এবং (গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক ক্ষেত্রে উদ্ধৃত দরের - ১০% ।
- ০৩) অনুর্দ্ধ ১০.০০ লক্ষ টাকার উদ্ধৃত দরপত্র গ্রহীত হওয়ার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে, ১০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক ও অনুর্দ্ধ ৫০.০০ লক্ষ টাকার দরপত্র গ্রহীত হওয়ার পরবর্তী ৬০(ষাট) দিনের মধ্যে এবং ৫০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক দরপত্র গ্রহীত হওয়ার ৯০ (নব্বই) দিনের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করবেন, ব্যর্থতায় সমুদয় জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।
- ০৪) দরপত্র নির্ধারিত জামানতসহ ২৭-১০-২০২৫ ইং তারিখ ০২.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, মেইন ব্রাঞ্চ, ঢাকায় রক্ষিত বাক্সে দাখিল করতে হবে এবং উক্ত তারিখ বিকাল ০২.১৫ ঘটিকায় দরপত্র কমিটি কর্তৃক দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে।
- ০৫) দরপত্র গ্রহীত হবার ১০ (দশ) দিন পর লিখিত আবেদন পত্রের ভিত্তিতে অসফল দরপত্র দাতার জামানত ফেরৎ দেয়া হবে।
- ০৬) কম জামানত প্রদানকারী /ক্রটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৭) দরপত্রে সম্পত্তির মূল্য অস্বাভাবিক কম বা অন্যকোন কারনে গ্রহণযোগ্য না হলে ব্যাংক তা গ্রহণে বাধ্য থাকবে না।
- ০৮) দরপত্রদাতাকে তফসিলভূক্ত জমি ও প্রযোজ্য ক্ষেত্রে তদস্থিত ভবন ও অস্থাবর সম্পত্তির জন্য পৃথক পৃথক ভাবে দরপত্র দাখিল করতে হবে। তবে যে কোনটির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০৯) সর্বোচ্চ দরপত্রদাতা/গ্রহীত দরপত্রের শর্তানুযায়ী অর্থ পরিশোধে ব্যর্থ হলে অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৩) ধারা মোতাবেক পরবর্তী দরপত্রদাতার দরপত্র গ্রহণযোগ্য হলে কর্তৃপক্ষ তা বিবেচনা করতে পারবেন।
- ১০) সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তির ট্যাক্সসহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করতে হবে।
- ১১) কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১২) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য (বন্ধকীকৃত সম্পত্তি) জানার জন্য নিলাম অনুষ্ঠানের পূর্বে অফিস চলাকালীন সময়ে যেকোন দিন বেসিক ব্যাংক লিমিটেড, মেইন ব্রাঞ্চ, ঢাকায় যোগাযোগ করতঃ সরজমিনে সম্পত্তি স্থল পরিদর্শন করতে পারিবেন।

“ক-তফসিল”

জেলা-ঢাকা, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-ডেমরা অধীন, মৌজা-শূন্যস্থিত জে.এল নং- সি.এস.-৩১৪, এস.এ.-১৩৯, আর.এস.-৩২, ঢাকা সিটি জরীপ-১৮, খতিয়ান নং-সি.এস.-২০৭, এস.এ.-৩৪৫, আর.এস.-৬৮ ও ৩২১, ঢাকা সিটি জরীপ-৭৫০, ঢাকা সিটি জরীপ মোতাবেক নামজারী খতিয়ান নং-২১৪৮, জোত নং-১৪৮/০৩, দাগ নং-সি.এস. ও এস.এ.-১০৯ (একশত নয়), আর.এস.-২২৬ (দুইশত ছাব্বিশ), ঢাকা সিটি জরীপ-৪৫১১ (চার হাজার পাঁচশত এগারো), মোট জমির পরিমাণ-৪৪৩৬ (চার হাজার চারশত ছত্রিশ) অযুতাংশ ইহার কাতে ১৫ (পনেরো) শতাংশ বা ১৫০০ (এক হাজার পাঁচশত) অযুতাংশ মোতাবেক স্থানীয় মাপে ১০ (দশ) কাঠা বাড়ী ভূমি এবং তৎসহ ইহার উপর নির্মিত ও নির্মিতব্য যাবতীয় স্থাপনা। যাহার চৌহদ্দি: উত্তরে-মকবুল, দক্ষিণে-রাস্তা, পূর্বে-অন্য দাগের জমি এবং পশ্চিমে-মকবুল।

“খ-তফসিল”

জেলা-ঢাকা, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-ডেমরা অধীন, মৌজা-শূন্যস্থিত জে.এল নং- সি.এস.-৩১৪, এস.এ.-১৩৯, আর.এস.-৩২, ঢাকা সিটি জরীপ-১৮, খতিয়ান নং-সি.এস.-২০৭, এস.এ.-৩৪৫, আর.এস.-৬৮ ও ৩২১, ঢাকা সিটি জরীপ-৭৫০, ঢাকা সিটি জরীপ মোতাবেক নামজারী খতিয়ান নং-২৬৬৮, জোত নং-৪৬/০৬, দাগ নং-সি.এস. ও এস.এ.-১১০ (একশত দশ), আর.এস.-২২৭ (দুইশত সাতাইশ) ও ২৩০ (দুইশত ত্রিশ), ঢাকা সিটি জরীপ-৪৪৯৯ (চার হাজার চারশত নিরানব্বই), মোট জমির পরিমাণ-২১ (একুশ) শতাংশ ইহার কাতে ১৫ (পনেরো) শতাংশ বা ১৫০০ (এক হাজার পাঁচশত) অযুতাংশ মোতাবেক স্থানীয় মাপে ১০ (দশ) কাঠা বাড়ী ভূমি এবং তৎসহ ইহার উপর নির্মিত ও নির্মিতব্য যাবতীয় স্থাপনা। যাহার চৌহদ্দি: উত্তরে-জমির আলী, দক্ষিণে-দলিল দাতা নিজ, পূর্বে-মোঃ নুরুল ইসলাম এবং পশ্চিমে-জয়নাল আবেদীন। একুশে উপরোক্ত দুইটি তফসিলে সি.এস. ও এস.এ ২টি, আর.এস. ৩টি এবং ঢাকা সিটি জরীপে ২টি দাগে মোট (১৫+১৫)=৩০ (ত্রিশ) শতাংশ বা ৩০০০ (তিন হাজার) অযুতাংশ মোতাবেক স্থানীয় মাপে ২০(বিশ) কাঠা।

উপমহাব্যবস্থাপক ও শাখা প্রধান (চলতি দায়িত্ব)
বেসিক ব্যাংক লিমিটেড, মেইন ব্রাঞ্চ, ঢাকা।

প্রথম আলো-২৭-০৯-২০২৫